শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮১.১৯-৪৭৫ তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ ব. / ১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১৩৭৯৩/২০১৮ | জনাব মো: আব্দুল হান্নান, ক্রাফট ইন্সট্রাক্টর, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট সহ মোট ১২ (বার) জন। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, ও ডিজি, ডিটিইসহ মোট ০৩ (তিন) জন। | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউটসমূহে কর্মরত কেবলমাত্র সংশ্লিষ্ট টেকনোলজিতে এসএসসি পাসের পর ৩ (তিন) বছর মেয়াদী ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাস ক্রাফট ইন্সট্রাক্টরগণকে (সপ ও টি/আর) অর্থ বিভাগের ০৩/১২/৯৪ তারিখের অম/অবি(বাস্ত-৪)/ডিপ্লো-২০/৯২/(অংশ)/৬৯ নং স্মারকের নির্দেশনার আলোকে জাতীয় বেতনস্কেল, ২০০৫ মোতাবেক ৫১০০-১০৩৬০/- (১০ নং গ্রেড) টাকার স্কেল প্রদানের জন্য সম্মতি জ্ঞাপন করে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাস্তবায়ন শাখা-২ হতে ১০/১১/২০০৮ তারিখে অম/অবি(বাস্ত-২)/বে:স্ক:উ:(শিক্ষা)২১/২০০৮/২১৮ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়।<br>উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আদেশ জারীর তারিখ হতে আর্থিক সুবিধাদি প্রদানের জন্য ডিজি, ডিটিই-কে নির্দেশনা প্রদান করে শিক্ষা মন্ত্রণালয় হতে ১৯/১১/২০০৮ তারিখে শিম/শা:১৫/বেতন স্কেল-২/৯৫ (অংশ-১)/৬৯১ পত্র জারি করা হয়। উক্ত স্মারকদ্বয়ের নির্দেশনা মোতাবেক দেশের বিভিন্ন পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউটসমূহে কর্মরত উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ক্রাফট ইন্সটাক্টরগণ ৩য় শ্রেণীর স্থলে ২য় শ্রেণীর আর্থিক সুবিধা পেতে থাকেন।<br>কিন্তু সমপদে ও সমস্কেলে কনিষ্ট কর্মচারীর (জনাব মো: দেলোয়ার হোসেন, ক্রাফট ইন্সট্রাক্টর) তুলনায় জ্যেষ্ঠ কর্মচারী (জনাব মো: আব্দুল হান্নান, ক্রাফট ইন্সট্রাক্টর) কম বেতন প্রাপ্তিজনিত সমস্যা প্রতিকারের জন্য জনাব মো: আব্দুল হান্নান, ক্রাফট ইন্সট্রাক্টর কর্তৃক গত ২৩/১০/২০১৭ তারিখে ডিজি, ডিটিই বরারব আবেদন কর হয়।<br>উক্ত আবেদন আলোকে প্রতিকার না পাওয়ায় বিভিন্ন পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট-এ উল্লিখিত স্মারকের আলোকে আর্থিক সুবিধাদিপ্রাপ্ত ক্রাফট ইন্সট্রাক্টরদের বেতন কমানোর জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: আব্দুল হান্নান গং ১২ (বার) জন কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১১/০২/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে অর্থ বিভাগ কর্তৃক ১০/১১/২০০৮ তারিখে জারীকৃত ২১৮ এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯/১১/২০০৮ তারিখে জারীকৃত ৬৯১ নং স্মারকদ্বয়ের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং বর্ণিত স্মারকের আলোকে দেশের বিভিন্ন পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউটসমূহে কর্মরত ৩য় শ্রেণীর স্থলে ২য় শ্রেণীর আর্থিক সুবিধাপ্রাপ্ত ক্রাফট ইন্সটাক্টরগণের বেতন কমানোর জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১১/০৩/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। উল্লেখ্য যেহেতু মামলাটি ডিটিই এর নিয়ন্ত্রণাধীন পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউটসমূহে কর্মরত জনবল সংক্রান্ত বিধায় সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করার জন্য ডিজি, ডিটিই হতে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৬/১০/২০১৯ খ্রি: এর মধ্যে হালনাগাদ তথ্য টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx